

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

ড. নাথু রাম সরকার বিএলআরআই, সাভার, ঢাকা এর
মহাপরিচালক হিসাবে যোগদান

অদ্য ২৩ জানুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক হিসেবে ড.নাথু রাম সরকার যোগদান করেছেন। যোগদানের পূর্বে তিনি ইনস্টিটিউট এর পোল্ট্রি উৎপাদন গবেষণা বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান এবং ফডার গবেষণা ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন। ড. নাথু রাম সরকার ফডার গবেষণা ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দীর্ঘদিন যাবত গবেষণা করে আসছেন। তিনি বিএলআরআইতে উন্নত জাতের বহুবর্ষজীবী জাতের ঘাসের উদ্ভাবক। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৫ খ্রিঃ সালে এ্যানিমেল সায়েন্সে মাস্টার ডিগ্রী লাভ করেন। উল্লেখ্য অনার্স এবং মাস্টার উভয় ক্ষেত্রে তিনি প্রথম শ্রেণী অর্জন করেন। ২০০০ সালে তিনি হরিয়ানা বিশ্ববিদ্যালয়, ভারত থেকে এ্যানিমেল নিউট্রিশন ও ফিড টেকনোলজীতে বিশেষায়িত জ্ঞানসহ পিএইচডি ডিগ্রী অর্জন করেন।

মোঃ শাহ আলম
তথ্য কর্মকর্তা
বিএলআরআই, সাভার, ঢাকা
মোবাইলঃ ০১৭১১৩৫৫২৩০
মেইলঃ
infoblri@gmail.com